# ইসি দায়িত্বশীলভাবেই কাজ করছে: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, মনোনয়নপত্র যাচাইয়ের সময় কিছু জটিলতা দেখা দেওয়া অস্বাভাবিক নয়। তবে এখন পর্যন্ত নির্বাচন কমিশন দায়িত্বশীল ও যোগ্যতার সঙ্গে তাদের কাজ পরিচালনা করছে বলে তিনি মন্তব্য করেন।

সোমবার (১৯ জানুয়ারি) সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৯০তম জন্মবার্ষিকী উপলক্ষে তার সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি।

মির্জা ফখরুল বলেন, বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে জিয়াউর রহমানের অবদান অবিস্মরণীয়। তিনি স্বাধীনতার ঘোষণা দিয়েছেন, সংবাদপত্র ও বিচার বিভাগের স্বাধীনতা প্রতিষ্ঠায় ভূমিকা রেখেছেন এবং অর্থনীতিকে শক্ত ভিত্তির ওপর দাঁড় করিয়েছেন। এজন্যই তাকে প্রতিবছর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়।

তিনি আরও বলেন, ছাত্র-জনতার আন্দোলনের মধ্য দিয়ে দেশে নতুন রাজনৈতিক বাস্তবতার সৃষ্টি হয়েছে। ভেঙে পড়া অর্থনীতি পুনর্গঠন এবং গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে বিএনপি নতুন করে অঙ্গীকারবদ্ধ।

LENS ASIA

মনোনয়ন বাতিলের বিষয়ে প্রশ্নের জবাবে বিএনপি মহাসচিব বলেন, যাচাই-বাছাই প্রক্রিয়ায় কিছু সমস্যা থাকতেই পারে। এটি নতুন নয়। তবে এখন পর্যন্ত আমরা দেখছি, নির্বাচন কমিশন সামগ্রিকভাবে দায়িত্বশীলতার সঙ্গেই কাজ করছে। আমাদের যেসব আপত্তি ছিল, সেগুলো ইতোমধ্যে তুলে ধরা হয়েছে। আমরা আশা করি, ইসি সুষ্ঠুভাবে এই নির্বাচন সম্পন্ন করবে।